



Friends Fellowship Haldia

Friends Fellowship Haldia

The children are the future of our society, the elders are worshipped.

২০২১ - ২০২২ বছরের বার্ষিক প্রতিবেদন

ফ্রেন্ডস ফেলোশিপ হলদিয়া একটি স্বেচ্ছাসেবী সংস্থা যাহা পশ্চিমবঙ্গ সোসাইটি রেজিস্ট্রেশন এক্ট ১৯৬১ দ্বারা রেজিস্ট্রিকৃত। এই সংস্থা বিগত কয়েক বছর ধরে মানুষের সেবায় কর্মরত। ফ্রেন্ডস ফেলোশিপ হলদিয়া স্বেচ্ছাসেবী সংস্থার মূল লক্ষ্য "শিশুরাই সমাজের ভবিষ্যৎ, প্রবীণরা পূজনীয়"।

২০২১-২০২২ সময়কালে পরিচালিত কার্যক্রম গুলি নিম্নরূপ:

করোনা ভাইরাস এর দ্বিতীয় তরঙ্গের বিরুদ্ধে সচেতনতা প্রচার ও মাস্ক বিতরণ:



করোনা ভাইরাস এর দ্বিতীয় তরঙ্গে আমরা লক্ষ্য করেছি গ্রামের মানুষের মধ্যে সচেতনতার অভাব রয়েছে। পূর্ব মেদিনীপুর, কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা ও বর্ধমান জেলার কিছু প্রত্যন্ত গ্রামে করোনা ভাইরাস সচেতনতামূলক প্রচার ও মাস্ক বিলি করি। এই পরিকল্পনা কে বাস্তবায়িত করার জন্য সর্বমোট ৪৯,০৬০.৪৪ টাকা নগদ খরচ হয়।

ইয়াশ ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের আর্থিক সাহায্য প্রদান শিবির:

গত ২৬ শে মে, বুধবার ইয়াশ ঘূর্ণিঝড়ের কারণে পূর্ব মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার অনেক পরিবারের ক্ষয়ক্ষতি হয়েছে ও বিপর্যয়ের মধ্যে পড়ে। স্থানীয় সদস্যদের সমীক্ষার ভিত্তিতে এই সিদ্ধান্তে নেওয়া হয় যে, ক্ষতিগ্রস্ত পরিবার গুলির ক্ষতি পূরণ করা



Friends Fellowship Haldia

Friends Fellowship Haldia

The children are the future of our society, the elders are worshipped.

মানুষের পক্ষে অসাধ্য। তবুও আমাদের ক্ষুদ্র প্রচেষ্টা দ্বারা করোনা পরিস্থিতির কারণে ক্ষতিগ্রস্তদের একাউন্ট এ আর্থিক সহযোগিতা করার সিদ্ধান্ত নেওয়া হয়। প্রায় ১৭৫ টি ক্ষতিগ্রস্ত পরিবার কে ২০০০ টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হয়। এই পরিকল্পনাকে বাস্তবায়িত করার জন্য সর্বমোট ৩,৪০,৮৬৬.৮৮ টাকা নগদ খরচ হয়।



ইয়াশ ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের খাদ্যসামগ্রী বিতরণ শিবির :

গত ২৬ মে ২০২১ ঘূর্ণিঝড় ইয়াস এর প্রভাবে দক্ষিণ ২৪ পরগনা জেলা ও পূর্ব মেদিনীপুর জেলার নদী তীরবর্তী এলাকা গুলি বেশ প্রভাবিত ও ক্ষতিগ্রস্ত হয়। ইয়াশএর প্রভাবে নদী তীরবর্তী এলাকার মানুষের মধ্যে নিত্য প্রয়োজনীয় জিনিস ও খাদ্যসামগ্রীর অভাব দেখা দেয়। এই পরিস্থিতিতে, হলদিয়ার একটি স্বেচ্ছাসেবী সংস্থা নাম "কভিডের বিরুদ্ধে হলদিয়া" কুकरাহাটি এলাকায় সার্ভের মাধ্যমে ৭০ টি পরিবারকে নিত্য প্রয়োজনীয় খাদ্যসামগ্রীর দ্বারা তাদের পাশে দাড়ানোর সিদ্ধান্ত নেয়।



Phone- +91 9800131455,9046417990 : www.friendsfellowship.in : E-mail- info@friendsfellowship.com : friendsfellowship.com@gmail.com

Reg. No.- S0007138 : Barbasudebpur : Sutahata : Haldia : Purba Medinipur : Pin-721645 : West Bengal



Friends Fellowship Haldia

Friends Fellowship Haldia

The children are the future of our society, the elders are worshipped.



"কভিডের বিরুদ্ধে হলদিয়া" এর পরিকল্পনা কে সম্পূর্ণ রূপে বাস্তবায়িত করার জন্য আমরা অর্থাৎ "ফ্রেন্ডস ফেলোশিপ হলদিয়া" সিদ্ধান্ত নেয় যৌথ ভাবে এই কাজ কে সম্পূর্ণ করার। এই পরিকল্পনাকে সম্পূর্ণরূপে বাস্তবায়িত করার জন্য সর্বমোট ১১৩৪০ টাকা নগদ খরচ হয়

কেলেঘাই নদীর বাঁধ ভাঙায় ক্ষতিগ্রস্তদের আর্থিক সাহায্য প্রদান :

গত ১৮ ই সেপ্টেম্বর ২০২১ ,কেলেঘাই নদীর বাঁধ ভাঙায় পটাশপুর- ১ ও ২ , ভগবানপুর -১ও ২ ব্লকের বিস্তীর্ণ এলাকা জলমগ্ন হয়ে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়। সেই এলাকার সমস্ত চাষের জমি থেকে মাটির বাড়ি ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। মাটির বাড়িতে বসবাসকারী মানুষ ঘর ছাড়া হয়ে আশ্রয় নেয় নিকটবর্তী ত্রাণ কেন্দ্রে।



Phone- +91 9800131455,9046417990 : www.friendsfellowship.in : E-mail- info@friendsfellowship.com : friendsfellowship.com@gmail.com

Reg. No.- S0007138 : Barbasudebpur : Sutahata : Haldia : Purba Medinipur : Pin-721645 : West Bengal



Friends Fellowship Haldia

Friends Fellowship Haldia

The children are the future of our society, the elders are worshipped.

এমত অবস্থায় ফ্রেন্ডস ফেলোশিপ এই সিদ্ধান্ত নেয় যে , একেবারে অসহায় ও দুঃস্থ ৪৬ টি পরিবারকে ২০০০ টাকা করে আর্থিক সাহায্য দ্বারা তাদের পাশে দাড়াবে। এই পরিকল্পনা কে বাস্তবায়িত করার জন্য সর্বমোট 1,04,427.44 টাকা নগদ খরচ হয়।

হাওড়া জেলার উদয়নারায়ণপুর ও আমতা-২ ব্লকে মুসলধারে বৃষ্টির প্রভাবে ক্ষতিগ্রস্তদের ত্রাণ বিতরণ শিবির :

গত ২৯ শে সেপ্টেম্বর ২০২১ মুসলধারে বৃষ্টির প্রভাবে হাওড়া জেলার উদয়নারায়ণ ও আমতা-২ ব্লকের বহু মানুষ ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়। এই অবস্থায় ক্ষতিগ্রস্ত 120 টি পরিবারকে খাদ্যসামগ্রী দ্বারা সাহায্য করি। এই পরিকল্পনাকে বাস্তবায়িত করার জন্য সর্বমোট 48,867.72 টাকা নগদ খরচ হয়।



Phone- +91 9800131455,9046417990 : www.friendsfellowship.in : E-mail- info@friendsfellowship.com : friendsfellowship.com@gmail.com

Reg. No.- S0007138 : Barbasudebpur : Sutahata : Haldia : Purba Medinipur : Pin-721645 : West Bengal



Friends Fellowship Haldia

Friends Fellowship Haldia

The children are the future of our society, the elders are worshipped.



ভবিষ্যৎ পরিকল্পনা



- বৃদ্ধাশ্রম নির্মাণ। (কাজ চলছে)
- দুঃস্থ শিশুদের জন্য স্কুল নির্মাণ।
- সমাজের অবহেলিত নারীদের জন্য স্বনির্ভর গোষ্ঠী।

উপসংহার

ফ্রেন্ডস ফেলোশিপ হালদিয়া এর সকল শোভাকাঙ্ক্ষী, দাতা, বন্ধু, সদস্য, সমাজ কর্মী, ভলেন্টিয়ার, কর্মকর্তা কে অসংখ্য ধন্যবাদ প্রত্যেক কাজে ফ্রেন্ডস ফেলোশিপ এর সাথে থাকার জন্য।

শুভেচ্ছা সহ ধন্যবাদ

FRIENDS FELLOWSHIP HALDIA

Shila Prasad Manna
PRESIDENT



FRIENDS FELLOWSHIP HALDIA

Sanatan Maitra
SECRETARY